## ।।মাষ্টার-১।।

দীপংকর দাশগুপ্ত

জ্যামিতির মাষ্টার সীতারাম সরখেল
ছাত্রের মাথাখানা ভাবলেন নারকেল।
অন্ততঃ ষাট-টা
মারলেন গাঁট্টা
ভেঙে হোল মুণ্ডুটা দুটো সেমি-সারকেল!

কলকাতা, প্রাক ১৯৯০।

## ।।মাষ্টার-২।।

দীপংকর দাশগুপ্ত

নীলমণি মাষ্টার, অতীব নমস্য,
গাধা পিটে প্রত্যহ বানাতেন অশ্ব।
অশ্বেরা পাড়ে ডিম,
তাই দেখে হিমসিম,
খেয়ে দেশ ছাড়লেন, মুখে চিতাভস্ম!

কলকাতা, প্রাক ১৯৯০।

## ।।মাষ্টার-৩।।

দীপংকর দাশগুপ্ত

ওয়ালম্যাপ ঘাড়ে করে বেলারাণী দাস
ভূগোল পড়াতে যান -- বারোটায় ক্লাস।
ম্যাপখানা যেই খোলা
তেড়ে এলো আরশোলা
বেলারাণী এক লাফে খাইবার পাস!

কলকাতা, প্রাক ১৯৯০।

## ।।ঘুমচুরি।।

দীপংকর দাশগুপ্ত

মাঝরাতে আক্রোশে কেন ঝাঁকে ঝাঁক
নিদ্রাবিনাশী রবে ডাকে পাতিকাক?
বায়স যদি বা যায়
শয়ন তবুও দায়
বিছানাতে গরজায় গৃহিণীর নাক!

কলকাতা, ১৯শে নভেম্বর, ২০০১।